

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ
ইউনিট-বি
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং-২৩৬/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০১৯-২০/৩৪

তারিখঃ ০৩/০২/২০২০

নোটিশ

একাডেমিক শাখা হতে প্রেরিত মোমো নং-এ-১৪৪-৪/২-১(২০১৯-২০২০) তারিখ ২৭/০১/২০১৯ এর প্রেক্ষিতে ভর্তি উপ-কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তির তারিখ ০৬/০২/২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে আসন শূণ্য থাকায় জমাকৃত প্রবেশ পত্রের মধ্য হতে মেধানুযায়ী ০৩ (তিন) জন ছাত্র/ছাত্রীর বিভাগ অনুযায়ী ভর্তির জন্য তালিকা প্রকাশ করা হল। নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ০৪/০২/২০২০ তারিখ হতে ০৬/০২/২০২০ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস্ কমপ্লেক্স -তৃতীয় তলা রুম নং ৩১৮) এসে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।


নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ৪,৯১০.০০ (চার হাজার নয়শত দশ) টাকা মাত্র জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী অনলাইনে পাওয়া যাবে।
২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপরে নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং, জমাকৃত ডকুমেন্ট সমূহের নাম লিখে) অনুষদ অফিসে জমা দিতে হবে।
ক) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড।
খ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।

উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা রাখা হবে। ভবিষ্যতে প্রয়োজনের জন্য একাডেমিক কাগজ পত্র ছাত্র/ছাত্রীদের ফটোকপি করে রাখার জন্য বলা হলো।

শর্তাবলীঃ

- ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।
- খ) প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।



(প্রফেসর ড. এ কে শামসুদ্দোহা)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা কমিটি-২০১৯-২০

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।